

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১৪.১৫.০২.০৭৯.২০১১(১)-৪৬০৬


তারিখঃ ২৬/১২/২০১৫ খ্রিঃ।

বিষয় : ময়মনসিংহ জেলার মাসকান্দাহ শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজের জমিতে ভবন নির্মাণ।

সূত্র : ময়মনসিংহ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০০২.১৪-১০৪৩, তারিখঃ ২৯.১০.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদ দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী ময়মনসিংহ জেলার মাসকান্দাহ শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজের ভবন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে ১৮.১৫% নিম্নদরে মেসার্স আলমগীর এন্টারপ্রাইজ, কে.বি ইসমাইল রোড, সদর, ময়মনসিংহ কর্তৃক দাখিলকৃত ১,৬৩,৭০,৪৪০/- (এক কোটি তেঁষটি লক্ষ সত্তর হাজার চারশত চল্লিশ) টাকার দরপত্রটি নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) দরপত্র আহবানের পর হতে ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের জন্য নির্ধারিত সময় ব্যতিত অন্য কোন কারণে প্রকল্প বাস্তবায়নের কাজে বিলম্ব করা যাবেনা;
- ২) পিপিআর, ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পটি বাস্তবায়ন পূর্বক মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণ;
- ৩) অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণে অধিক বিলম্বের কারণে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেলে এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


(জুবাইদা নামদারীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।